



# নিউব্লোন

-একটি আন্তর্জাতিক মানসমতুল্য বিদ্যালয়-

সম্মানিত অভিভাবকবৃন্দ,

দীর্ঘ এক মাস সিয়াম সাধনার পর সামনে আসছি ঈদ। সিয়াম অর্থাৎ রমজান আমাদের শেখায় সংযত হতে, অনাহারে অর্ধাহারে থাকা মানুষের কষ্ট উপলক্ষ্মি করে অপচয়, অহংকার বর্জন করতে। কোয়ারেন্টাইন এ কাটানো আরও একটি মাস রমজানের শীতলতম ছায়ায় কেটে গেল। অঙ্গীকার করার উপায় নেই যে, এই মহামারীর মধ্যে ও আমাদের দেশের দেশ প্রেমিক ডাঙ্কার, নার্স যারা অসুস্থ রোগীর পাশে দিন রাত সেবা প্রদান করছেন, আইন শৃঙ্খলার কাজে নিয়োজিত পুলিশ, আনসার, সেনা সদস্য, সংবাদ পরিবেশনে সাংবাদিক ও সেচ্ছাসেবক সহ সেই সব সম্মুখ যোদ্ধাদের জানাই নিউব্লোন পরিবারের পক্ষ থেকে বিন্দু শ্রদ্ধা ও ভালোবাসা।

কেমন আছেন আপনারা এবং আমার স্কুলের অগ্রদৃতরা? অনুভব করছি নিউ ব্লোনের প্রাণ চঞ্চল ঈদ এর মৌসুম, ছাত্রছাত্রীদের হাজারও আয়োজন আর শিক্ষকদের আপ্রাণ চেষ্টা খুশিকে দিগ্নণ করার। ছাত্রছাত্রী ও শিক্ষকগণ, স্কুলের এই মুহূর্তটাকে মনে করে মর্মাহত হবেন না। এখন মর্মাহত হয়ে ভেঙ্গে পড়ার সময় নয়। বরং ধৈর্য ধারন করে নিজ নিজ জায়গা থেকে সামাজিক দূরত্ব বজায় রেখেই এবারের ঈদ পালন করতে হবে ঘরেই, আগামীর সুন্দর ও সুস্থ সময়ের জন্যে। সময়ের সাথেই হাল ধরতে হবে কঠিন সময়ের মোকাবিলা করার লক্ষ্য। পৃথিবী পরিশুমারি হচ্ছে, রং খুঁজে নিচ্ছে প্রকৃতি ঠিক তেমনি আমরাও আমাদের নিউ ব্লোন-এ আবার একত্রিত হব ন্তুন কোন খুশিতে, ন্তুন কোন ঈদে। কথা দিচ্ছি, সেই খুশিতে একসাথে শুভেচ্ছা বিনিময় হবে।

যদিও, বাংলাদেশ সহ সারা বিশ্বে করোনা ভাইরাসের বর্তমান পরিস্থিতি ব্যাপক আকার ধারন করেছে। পরিস্থিতি বিবেচনায় শিক্ষার্থীরা যাতে ঘরে বসে পড়াশুনা চালিয়ে যেতে পারে, সে জন্য আমাদের শিক্ষক/ শিক্ষিকাগণ অনলাইন ভিত্তিক ক্লাস কার্যক্রম পরিচালনা করছেন। ঈদ-উল-ফিতর উপলক্ষে আমাদের চলমান অনলাইন ক্লাস ২১/০৫/২০২০ থেকে ০২/০৬/২০২০ ঈং পর্যন্ত বন্ধ থাকবে এবং ০৩/০৬/২০২০ ঈং হইতে পূর্বের রুটিন অনুযায়ী যথারীতি ক্লাস চলবে। প্রি-সেকশন, প্রথম- চতুর্থ শ্রেণী ও ষষ্ঠি-দশম শ্রেণীর লেসনপ্লান নিউ ব্লোন এর ওয়েব সাইট ([www.newblown.com.bd](http://www.newblown.com.bd)) থেকে সংগ্রহ করতে পারবেন। প্রয়োজনে শ্রেণীশিক্ষকের সাথে যোগাযোগ করুন।

পরবাসী আমি যে দুয়ারে চাই  
তার মাঝে মোর আছে যেন ঠাঁই  
কোথা দিয়ে সেথা প্রবেশিতে পাই  
সন্ধান তব বুঁধিয়া;  
ঘরে ঘরে মোর পরমাত্মীয়,  
তাদের আমি ফিরি খুঁজিয়া!

সম্মানিত অভিভাবকবৃন্দ, আমার লেহের শিক্ষার্থীবৃন্দ এবং নিউ ব্লোন এর সকল শিক্ষক ও স্টাফগণ সকলেই আমার পরমাত্মীয় ও নিউ ব্লোন পরিবারের অবিচ্ছেদ্য অংশ। আপনারা সকলে ভালো থাকবেন, সুস্থ ও নিরাপদে থাকবেন। সকলকে ঈদ-উল-ফিতর এর অগ্রিম শুভেচ্ছা।

ধন্যবাদাত্তে  
অধ্যক্ষ  
মোঃ কামরুজ্জামান